গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সংগঠক , জাতীয় মহিলা সংস্থা, উপজেলা কার্যালয় সুজানগর, পাবনা

এবং

নির্বাহী পরিচালক (অতিঃ সচিব), জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০২৩ - ২০২৪

০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

## জাতীয় মহিলা সংস্থা, সুজানগর উপজেলা কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of Jatiyo Mohila Sangstha, Sujanagar Upzila Branch)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

বাংলাদেশের জনসংখ্যার এক বিশাল অংশ নারী। নারীর উন্নয়ন তাই জাতীয় উন্নয়নের অন্যতম শর্ত। সমতায় অংশগ্রহণ ও সমতায় অংশিদারিত্ব নারীর সাংবিধানিক অধিকার। জাতীয় উন্নয়ন, দারিদ্র বিমোচন ও গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে নারী পুরুষের সমঅংশিদারিত্ব নিশ্চিত হওয়া জরুরী। জাতীয় মহিলা সংস্থা সুজানগর উপজেলা কার্যালয় নারীর অর্থনৈতিক উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও অধিকার সংরক্ষণের মাধ্যমে নারী পুরুষের সমতা প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিগত ৩ বছরে ২৭০ জন মহিলাকে দর্জি ও এমব্রয়ডারী প্রশিক্ষণ প্রদান, দরিদ্র মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ১০৫ জন মহিলাকে ক্রমপুঞ্জিতভাবে ১৫ লক্ষ ৭০ হাজার টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু প্রচার রোধ, তথ্য প্রযুক্তি ও ইন্টারনেট সেবা এবং আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান কল্পে ১২টি উঠান বৈঠকের মাধ্যমে ৬০০ জন মহিলাকে সচেতন করা হয়েছে। উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ কমিটির মাধ্যমে অভিযোগ অনুযায়ী ০৩ জন নির্যাতিত মহিলার বিরোধ মিমাংসা করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহঃ

সংস্থার পর্যাপ্ত বাজেট ও জনবলের অভাব, কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযুগী প্রশিক্ষণের অভাব, প্রশিক্ষণ যন্ত্রপাতি ও আসবাবপত্রের অভার ইত্যাদি প্রধান সমস্যা এবং জাতীয় মহিলা সংস্থা সুজানগর উপজেলা কার্যালয়ে ডিজিটাল বাংলাদেশের অন্যতম কম্পিউটার ও ইন্টারনেট প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে তথ্য সেবাকে অবহেলিত গ্রাম্য অসহায় মহিলাদের মাঝে পৌছান ইত্যাদি অন্যতম চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান, তথ্য প্রযুক্তি সেবা নিরেট পল্লিগ্রামের মহিলাদের পৌছানো, বাল্য বিবাহ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও নারীকে দক্ষ জনশক্তিতে পরিণত করা এবং তথ্য প্রযুক্তি সেবা প্রদান ও তথ্য অধিকার বাস্তবায়নের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি এবং শুদ্ধচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করণ পরিকল্পনা রয়েছে।

### ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ৯০ মহিলাকে দর্জি ও এমব্রয়ডারী প্রশিক্ষণ প্রদান।
- ৩৫ জন মহিলাকে ঋণ সুবিধা প্রদান।
- যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু প্রচার রোধ, তথ্য প্রযুক্তি ও ইন্টারনেট সেবা ও তথ্য অধিকার বাস্তবায়ন এবং আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান কল্পে ৪টি উঠান বৈঠক।
- মহিলাদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন সম্মেলন, সেমিনার ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধির লক্ষে বিভিন্ন দিবস যেমন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস,মহান বিজয় দবস, বিশ্ব মা দিবস, ব্রেষ্ট ক্যান্সার সচেতনতা দিবস, অটিজম সচেতনতা দিবস, নারী পক্ষ, নারী উন্নয়ন ও শুদ্ধচার, বেগম রোকেয়া দিবস, বিজয় দিবস উদযাপন।
- জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন লক্ষে সেমিনার/বৈঠক।
- জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরীবিক্ষণের জন্য ত্রৈ-মাসিক আলোচনা সভার আয়োজন।

# প্রস্তাবনা

জাতীয় মহিলা সংস্থা সুজানগর উপজেলা কার্যালয়ের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন জাতীয় মহিলা সংস্থা সুজানগর উপজেলা কার্যালয়ে দায়িত্বে নিয়োজিত মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, সুজানগর উপজেলা কার্যালয় পাবনা।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় এর দায়িত্বে নিয়োজিত মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসাবে, নির্বাহী পরিচালক (অতিঃ সচিব) জাতীয় মহিলা সংস্থা এর মধ্যে ২০২৩ সালের ......জুন/২৩........ মাসের ..১৩.............. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

জাতীয় মহিলা সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি :

১.১. রূপকল্প (Vision) : নারীর ক্ষমতায়ন ও সুরক্ষা।

১.২. অভিলক্ষ্য (Mission) : নারীর ক্ষমতায়ন, দক্ষতা উন্নয়ন ও উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণ।

১.৩.১. কর্মসম্পাদনের ক্ষেত্র :

১. সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের সমসুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন ও ক্ষমতায়ন ;
২. নারী ও শিশুদের জন্য সামাজিক নিরাপত্তা জোড়দার করা
৩. নারীর আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা প্রদান ;
৪. জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

১.৩.২ সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র :

১. সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রম জোরদারকরণ ;
২. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করণ;
৩. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
৪. তথ্য অধিকার বাস্তবায়নে সহযোগিতা প্রদান ;
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪. কার্যাবলি (Functions)

১. জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা ;
২. মহিলাদের জন্য কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা ;
৩. নারীর সামাজিক নিরাপত্তা জোরদারকরণে আর্থিক সুবিধা প্রদান ;
৪. নারী উদ্যোক্তাদের ক্ষমতায়ন ও কর্মদক্ষতা বিকাশে সহায়তা প্রদান;
৫. আধুনিক তথ্য প্রযুক্তিতে নারীর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি;
৬. মহিলাদের আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা ও কাউন্সিলিং করা ;
৮. মহিলাদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন সম্মেলন, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা কল্পে, আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস, অটিজম সচেতনতা দিবস, বিশ্ব মা দিবস, ব্রেষ্ট ক্যান্সার সচেতনতা দিবস,নারী পক্ষ, নারী উন্নয়ন শুদ্ধচার ও বেগম রোকেয়া দিবস, স্বাধিনতা দিবস, বিজয় দিবস উদযাপন;
৯. জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

সেকশন -২

## সুজানগর উপজেলা কার্যালয়ের বিভিন্ন কার্যক্রমের চুরান্ত ফলাফল/প্রভাব

| চুরান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সুচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১ - ২০২২ | ২০২২ - ২০২৩ | ২০২৩ - ২০২৪ | ২০২৪ - ২০২৫ | ২০২৫ - ২০২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (১.১) রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ; | প্রশিক্ষণ প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৯০ | ৯০ | ৯০ | ৯০ | ৯০ | জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা | ত্রৈমাসিক, অর্ধবাষিক, বার্ষিক প্রতিবেদন |
| (১.২) তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়): প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিরাদের কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা জেন্ডার সমতা এবং ইন্টানেট সেবা প্রদান ; | গ্রামীন দুস্থ শিক্ষিত স্বল্প শিক্ষিত মহিলা | সংখ্যা | ৭০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা | ত্রৈমাসিক, অর্ধবাষিক, বার্ষিক প্রতিবেদন |
| (২.১) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ প্রদান ; | ঋণ সহায়তা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৩৫ | ৩৫ | ৩৫ | ৪০ | ৪০ | জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা | ত্রৈমাসিক, অর্ধবাষিক, বার্ষিক প্রতিবেদন |
| (২.২) যৌতুক বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, নারীদের আত্মনির্ভরশীল ভাবে গড়ে উঠার লক্ষে উঠান বেঠক ; | নির্যাতিত অসহায় দুঃস্থ উপকারভোগী | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা | ত্রৈমাসিক, অর্ধবাষিক, বার্ষিক প্রতিবেদন |

## সেকশন -৩ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **জাতীয় মহিলা সংস্থা, সুজানগর উপজেলা কার্যালয়ের কর্মসম্পাদন ক্ষেত্র সমূহঃ** | | | | | | | | | | | | | | | |
| (১) সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের সমসুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন ও ক্ষমতায়ন। | ৭০ | ১.১) রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান । | প্রশিক্ষণপ্রাপ্ত উপকার ভোগী | সংখ্যা | সংখ্যা | ৩০ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯০ | ৯০ |
| | | ১.২) তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়): প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা জেন্ডার সমতা এবং ইন্টানেট সেবা প্রদান ; | গ্রামীন দুস্থ শিক্ষিত স্বল্প শিক্ষিত মহিলা | সংখ্যা | সংখ্যা | ১০ | ৭০০০ | ৮০০০ | ৮০০০ | ৭৫০০ | ৭০০০ | ৬৫০০ | ৬০০০ | ১০০০০ | ১০০০০ |
| (২) নারী ও শিশুদের জন্য সামাজিক নিরাপত্তা ও আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা প্রদান। | | ২.১) দরিদ্র , অসহায় মহিলাদের আত্ব কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ প্রদান | ঋণ সহায়তাপ্রাপ্ত উপকার ভোগী | সংখ্যা | সংখ্যা | ১০ | ১৫ | ৩৫ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৩৫ | ৪০ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২.২) যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু প্রচার রোধ, তথ্য প্রযুক্তি ও ইন্টারনেট সেবা এবং আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান কল্পে উঠান বৈঠক। | উঠান বৈঠক অনুষ্ঠিত | সংখ্যা | সংখ্যা | ২০ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৪ | ৪ |
| জাতীয় মহিলা সংস্থা, সুজানগর উপজেলা কার্যালয়ের সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদন ক্ষেত্রঃ | | | | | | | | | | | | | | | |
| (৩) সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ। | ৩০ | ৩.১) শুদ্ধচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | চলমান | % | % | ১০ | ৭০ | ৮০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ১০০ | ১০০ |
| | | ৩.২) ই-গর্ভন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | চলমান | % | % | ১০ | ৪০ | ৪০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৮০ | ১০০ |
| | | ৩.৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়িত | % | % | ৩ | ৭০ | ৮০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০ |
| | | ৩.৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | বাস্তবায়িত | % | % | ৪ | ৮০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৩.৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সিটিজেন চার্টার | % | % | ৩ | ৮০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

আমি উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, উপজেলা কার্যালয় সুজানগর, জেলা পাবনা মাননীয় চেয়ারম্যানের প্রতিনিধি হিসেবে, জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা, মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি, নির্বাহী পরিচালক (অতিঃ সচিব) প্রধান কার্যালয় ঢাকা এর নিকট অংগিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ঠ থাকব।

আমি নির্বাহী পরিচালক (অতিঃ সচিব), জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় ঢাকা, মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে, জাতীয় মহিলা সংস্থা, উপজেলা কার্যালয় সুজানগর জেলা পাবনা মাননীয় চেয়ারম্যানের প্রতিনিধি উপজেলা সংগঠক, এর নিকট অংগিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সকল সহযোগীতা প্রদান করব।

স্বাক্ষরিত

..................................

উপজেলা সংগঠক
জাতীয় মহিলা সংস্থা
সুজানগর, পাবনা।

............................

তারিখ

স্বাক্ষরিত

..................................

নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)
জাতীয় মহিলা সংস্থা
প্রধান কার্যালয়, ঢাকা।

.........................

তারিখ